

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়
বিদ্যালয়-২ শাখা


নং-৩৮.০০৮.০২২.০০.০০.০০২.২০১১-৪৭

০৯ মাঘ ১৪২৩
তারিখঃ -----
২২ জানুয়ারি ২০১৭

বিষয় : সরকারি প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষক বদলি নির্দেশিকা, ২০১৫ এর নির্দেশনা যথাযথ অনুসরণ প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ে নির্দেশক্রমে জানানো যাচ্ছে যে, সরকারি প্রাথমিক বিদ্যালয়ে শিক্ষক বদলি নির্দেশিকা, ২০১৫ এর ১.১ অনুযায়ী বদলির সময়কাল নির্ধারিত রয়েছে। উক্ত সময়ে প্রধান শিক্ষক/সহকারি শিক্ষকদের বদলির পদ্ধতি এবং কর্মকর্তাদের এতদসংক্রান্ত দায়িত্ব বিন্যাস নির্দেশিকার ২.১ থেকে ২.৭ পর্যন্ত সুস্পষ্টভাবে উল্লেখ রয়েছে। এতদসঙ্গেও এ মর্মে অভিযোগ পাওয়া যাচ্ছে যে, নির্দেশিকার দায়িত্ব বিন্যাস উপেক্ষা করে বদলির আদেশ জারী করা হচ্ছে- যা অনভিপ্রেত ও অনাকাঙ্খিত।

২। এমতাবস্থায়, সরকারি প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষক বদলি নির্দেশিকা, ২০১৫ এর আলোকে নির্দেশিকার ২.১ থেকে ২.৭ যথাযথ অনুসরণপূর্বক বদলির কাজ সম্পন্ন করা এবং এই সংক্রান্ত ফলোআপ বদলি আদেশ জারীর ৭ (সাত) কর্মদিবসের মধ্যে এ মন্ত্রণালয়কে অবহিত করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো। ফলোআপ প্রদানে ব্যর্থতা এবং বদলি প্রক্রিয়ায় কোন অনিয়ম ঘটলে বিধি মোতাবেক ব্যবস্থা গ্রহণ করা হবে।


(গোপাল চন্দ্র দাস)
উপসচিব
ফোনঃ ৯৫৭৭২৫৫

বিতরণ (কার্যার্থে):

১. মহাপরিচালক, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, সেকশন ২, মিরপুর, ঢাকা ১২১৬ (অফিস আদেশটি মাঠ পর্যায়ের সংশ্লিষ্ট সকলকে অবহিত করার অনুরোধসহ)।
২. বিভাগীয় উপপরিচালক, প্রাথমিক শিক্ষা, ঢাকা/রাজশাহী/খুলনা/চট্টগ্রাম/বরিশাল/সিলেট/রংপুর বিভাগ।
৩. প্রোগ্রামার, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয় (পত্রটি ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।
৪. জেলা প্রাথমিক শিক্ষা অফিসার (সকল)।
৫. সচিব মহোদয়ের একান্ত সচিব, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৬. অতিরিক্ত সচিব মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৭. সংরক্ষণ নথি।